# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৮৬

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّالِثُ

আরবী

وَعَنِ الْحَسَنِ مُرْسَلًا: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ قَرَأَ فِي لَيْلَةٍ مِائَةَ آيَةٍ لَمْ يُحَاجِّهِ الْقُرْآنُ تِلْكَ اللَّيْلَةَ وَمَنْ قَرَأَ فِي لَيْلَةٍ مِائَتَيْ آيَةٍ كُتِبَ لَهُ قُنُوتُ لَيْلَةٍ وَمَنْ قَرَأَ فِي لَيْلَةٍ خَمْسَمِائَةً إِلَى الْأَلْفِ أَصْبَحَ وَلَهُ قِنْطَارٌ مِنَ الْأَجْرِ» . قَالُوا: وَمَا الْقِنْطَارُ؟ قَالَ: «اثْنَا عَشَرَ أَلفا» . رَوَاهُ الدِرَامِي

বাংলা

২১৮৬-[৭৮] হাসান বাসরী (রহঃ) মুরসালরূপে এ হাদীসটি বর্ণনা করেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি রাতে (কুরআনের) একশ’টি আয়াত পড়বে, ওই রাতে কুরআন তার বিরুদ্ধে কোন অভিযোগ উত্থাপন করবে না। আর যে ব্যক্তি রাতে দু’শত আয়াত পড়বে, তার জন্য এক রাতের ’ইবাদাতের সাওয়াব লিখা হবে। আর যে ব্যক্তি রাতে পাঁচশ’ হতে এক হাজার আয়াত পর্যন্ত পড়বে ভোরে উঠে সে এক ’কিনত্বার’ সাওয়াব পাবে। তারা জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রসূল! এক ’কিনত্বার’ কী? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) জবাব দিলেন, বারো হাজার দীনার সমান ওজন। (দারিমী)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : দারিমী ৩৫০২। কারণ এর সানাদটি মুরসাল।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসটিও হাসান বাসরী (রহঃ) মুরসালভাবে রিওয়ায়াত করেছেন।

একশত আয়াত কোন রাতে তিলাওয়াত করলে তার বিরুদ্ধে অভিযোগ করবে না, এর অর্থ হলো আল্লাহ তা‘আলা তাকে রাতে কুরআন না পড়ার অভিযোগ অথবা কম পড়ার অভিযোগে কোন শাস্তি দিবেন না এবং কুরআনের হক

আদায় না করা সম্পর্কে তাকে প্রশ্ন করবেন না। অর্থাৎ- একশত আয়াত তিলাওয়াত করলে রাতকালীন তার ওপর কুরআন তিলাওয়াতের হক আদায় হয়ে যাবে।

কেউ কেউ বলেছেন, এর দ্বারা উদ্দেশ্য হলো কিয়ামুল লায়ল-এর প্রতি উৎসাহ প্রদান করা। ‘আল্লামা মুনযিরী এবং হায়সামী যথাক্রমে আত্ তারগীব এবং মাজমাউয্ যাওয়ায়িদ গ্রন্থে এ হাদীস কিয়ামুল লায়ল অধ্যায়ে এনে তার প্রমাণ দিয়েছেন।

দু’শত আয়াত পাঠ করলে তাকে রাতের ‘ইবাদাতকারী হিসেবে লেখা হবে, এর অর্থ রাতে কিয়ামুল লায়ল, কুরআন তিলাওয়াত সহ যাবতীয় নৈশ ‘ইবাদাতকারী হিসেবে লেখা হবে। সকালে সে এর সাওয়াব পাবে এক কিনত্বার পরিমাণ।

লুম্‘আত গ্রন্থকার বলেন, কিনত্বার হলো চল্লিশ উকিয়্যাহ্ স্বর্ণের সমপরিমাণ অথবা একহাজার দু’শত দীনার এর সমপরিমাণ, অথবা এক টাকশাল পরিমাণ স্বর্ণ কিংবা রৌপ্য। যাই হোক উদ্দেশ্য হলো বিপুল পরিমাণ সাওয়াবের আধিক্যতা বুঝানোর জন্যই কিনত্বার শব্দ উল্লেখ করা হয়েছে।

তবে কিনত্বার সম্পর্কে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করায় তিনি বলেন, কিনত্বার হলো বারো হাজার দীনার এর সমপরিমাণ। সহীহ ইবনু হিব্বানে আবূ হুরায়রাহ্ (রাঃ)  থেকে একটি মারফূ' হাদীসে আছে যে, কিনত্বার হলো বারো হাজার উকিয়্যার সমপরিমাণ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56746

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন